



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/4/2024

গভর্নর ক্যাথি হোকল

## নিউ ইয়র্ক স্টেটের সুপ্রিম কোর্টের আপিল বিভাগে নিয়োগ সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্ক স্টেটের সুপ্রিম কোর্টের (New York State Supreme Court) আপিল বিভাগের (Appellate Division) চতুর্থ বিভাগের (Fourth Department) একটি শূন্যপদে মাননীয় লিন ওয়েজেল কিনের নিয়োগ ঘোষণা করলেন।

"মাননীয় লিন ওয়েজেল কিন অভিজ্ঞ, চিন্তাশীল এবং উচ্চ মাত্রায় যোগ্য," **গভর্নর হোকল বলেন।** "আমি আত্মবিশ্বাসী যে আপিল বিভাগের চতুর্থ বিভাগের একজন সদস্য হিসেবে তিনি বিশিষ্ট দায়িত্ব পালন করবেন।"

2017 সালে নির্বাচিত হওয়ার পর থেকে মাননীয় লিন ওয়েজেল কিন নিউ ইয়র্কের অষ্টম জুডিসিয়াল জেলায় (Eighth Judicial District) ইরি কাউন্টি সুপ্রিম কোর্টের (Erie County Supreme Court) একজন সক্রিয় বিচারপতি হিসেবে দায়িত্ব পালন করছেন। ইরি কাউন্টি সুপ্রিম কোর্টের পূর্বে ওয়েজেল কিন 2012 সালে অর্চার্ড পার্ক টাউন কোর্টের (Orchard Park Town Court) টাউন বিচারপতি নির্বাচিত হন।

বিচারপতি ওয়েজেল কিন তার আইনি ক্যারিয়ার শুরু করেন একজন সহকারী ডিস্ট্রিক্ট অ্যাটর্নি হিসেবে এবং 2000 সালে তিনি তার নিজস্ব বেসরকারি ডিফেন্স অনুশীলন শুরু করেন। এছাড়াও বিচারপতি ওয়েজেল কিন ইরি কাউন্টি পারিবারিক আদালতে (Erie County Family Court) বিচারপতি লিসা ব্লচ রডউইনের (অবসরপ্রাপ্ত) একজন বিশ্বস্ত আইন ক্লার্ক হিসেবে কাজ করেছেন।

বিচারপতি ওয়েজেল কিন ইরি কাউন্টি বার অ্যাসোসিয়েশন (Bar Association of Erie County), নিউ ইয়র্ক স্টেট উইমেন্স বার অ্যাসোসিয়েশন (Women's Bar Association of New York State) এবং নিউ ইয়র্ক স্টেট সুপ্রিম কোর্ট জাস্টিস অ্যাসোসিয়েশনের (Association of Justices of the Supreme Court) একজন সদস্য। সম্প্রতি তিনি অষ্টম জুডিশিয়াল জেলার সুপ্রিম কোর্ট জাস্টিস অ্যাসোসিয়েশনের ভাইস প্রেসিডেন্ট হিসেবে, এবং এর পূর্বে ট্রেজারার হিসেবে দায়িত্ব পালন করেছেন, সেই সাথে অষ্টম জুডিশিয়াল জেলার চতুর্থ বিভাগের চরিত্র ও যোগ্যতা কমিটির (Committee on Character and Fitness) একজন সদস্য হিসেবে দায়িত্ব পালন করেছেন।

ওয়েজেল কিন বোস্টন কলেজ (Boston College) থেকে ম্যাগনা কুম লাইডে সম্মানসহ  
ব্যাচেলর অফ আর্টস (B.A.) ডিগ্রি পেয়েছেন এবং নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটির (State  
University of New York, SUNY) বাফেলো ল স্কুল (Buffalo Law School) থেকে কুম লাইডে  
সম্মানসহ তার জুরিস ডক্টর (J.D.) সম্পূর্ণ করেছেন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418  
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: [ny.gov/signup](http://ny.gov/signup) | NEW YORK লিখে 81336 নম্বরে  
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)